অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নভেল করোনাভাইরাস বিষয়ে ব্রিফিংয়ের সময় গভর্নর কুউমো গণ সমাবেশ করার নতুন বিধি ঘোষণা করলেন

500 বা তার জন থাকবে এমন সকল অনুষ্ঠান বাতিল বা স্থগিত হবে

500 জনের নিচের যেকোনো জমায়েতের ক্ষেত্রে 50 শতাংশ কমিয়ে আনতে হবে

নার্সিং হোমগুলোতে পরিদর্শনের বিধি নিষেধ- সর্বোচ্চ অরক্ষিতদের সুরক্ষার্থে শুধুমাত্র চিকিৎসাগত দিক থেকে প্রয়োজনীয় এমন পরিদর্শনগুলোর অনুমতি দেয়া হবে

নিউ রোশেলের ইস্ট কোস্টে প্রথম গাড়ির মধ্যেই পরীক্ষা সুবিধা, আগামীকাল থেকে পরীক্ষা শুরু হবে

নিউ ইয়র্কে 109টি নতুন করোভাইরাসের ঘটনা নিশ্চিত করা হল-যার মাধ্যমে স্টেট জুড়ে মোট সংখ্যা দাঁড়াল 325টিতে; 14টি কাউন্টিতে নতুন আক্রান্তের খবর পাওয়া গিয়েছে

নভেল করোনাভাইরাস বিষয়ক ব্রিফিং-এর সময় গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজকে 500 বা তার বেশি মানুষের উপস্থিতি থাকবে এমন অনুষ্ঠান বাতিল বা স্থগিত করার নির্দেশনা দিয়ে, গণ সমাবেশের উপরে স্টেটের বিধি নিষেধের কথা ঘোষণা করেছেন। জনস্বাস্থ্য বিষয়ক বিশেষজ্ঞরা একমত যে মানুষজন কাছাকাছি থাকে এমন জনসমাবেশে নভেল করোনাভাইরাস দ্রুততার সাথে সহজেই অনেককে সংক্রামিত করতে পারে এবং এর বিস্তারকে চালিয়ে যেতে পারে। সে কারণে, স্কুল, হাসপাতাল, পাবলিক ভবন, গণপরিবহন, মুদি দোকান এবং খুচরা দোকানের মতন স্থান যেখানে মানুষজন খুব কাছাকাছি সংস্পর্শে যায় না, সেই সকল স্থানসহ, সমাবেশ কিংবা 500 জনের কম মানুষ রয়েছে এমন ব্যবসা প্রতিষ্ঠানের ধারন ক্ষমতা 50 শতাংশ কমিয়ে আনতে হবে। এই নতুন বিধি নিষেধগুলো শুক্রবার, 13 মার্চ বিকেল 5টা থেকে কার্যকর হবে ব্রডওয়ে থিয়েটারগুলো বাদে, যেখানে এই বিধি নিষেধ আজ বিকেল 5টা থেকেই কার্যকর হবে।

সবচেয়ে দূর্বল নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার্থে গভর্নর কুউমো নার্সিং হোমগুলোতে শুধুমাত্র চিকিৎসাগত দিক থেকে প্রয়োজনীয় পরিদর্শনগুলোই অনুমতি পাবে বলেও জানান। এই নীতি শুক্রবার বিকেল 5টা থেকে কার্যকর হবে। স্টেট নার্সিং হোমগুলোকে স্কাইপ এবং অন্যান্য অনলাইন যোগাযোগের সুবিধা

স্থাপন করতে অনুরোধ করছে যাতে পরিবারগুলো তাদের প্রিয়জনদের সাথে টেলি-পরিদর্শন করতে পারে। অধিকন্তু, প্রতিদিন কোনো নার্সিং হোমের কর্মীরা যখন কোনো স্থাপনায় প্রবেশ করে তখন তাদের স্বাস্থ্য পরীক্ষা করা করতে হবে এবং কোনো প্রকার উপসর্গ প্রদর্শন করে না এমন বিস্তার ঠেকাতে সার্জিকাল মাস্ক পড়তে হবে।

পরীক্ষার ক্ষমতা বাড়ানোর উদ্দেশ্যে স্টেট ইতোমধ্যে যা করছে তার সাথে সাথে প্রতিদিন আরও অতিরিক্ত 5,000 পরীক্ষা চালানোর জন্য বায়োরেফারেন্স গবেষনাগারের (BioReference Laboratories) সাথে চুক্তি করছে। প্রতিদিনের এই অতিরিক্ত 5,000 পরীক্ষা আগামী সপ্তাহে অনলাইনে আসবে। সামনের দিনগুলোতে স্টেটের সাথে যে 28টি বেসরকারি গবেষনাগার অংশীদারত্ব করতে যাচ্ছে বলে গভর্নর যে ঘোষণা দিয়েছেন তার সাথে পরীক্ষা করার এই অতিরিক্ত সামর্থ্যটি যুক্ত হচ্ছে। উপরন্তু গভর্নর ঘোষণা দিয়েছেন যে নিউ রোশেলের ইস্ট কোস্টে প্রথম গাড়ির মধ্যে বসে সরকারি পরীক্ষা সুবিধা, আগামীকাল থেকে মানুষজনের পরীক্ষা শুরু করবে। শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমেই পরীক্ষা করা হবে। নিউ রোশেলের বাসিন্দা যারা পৃথকীকরণের অধীনে আছেন তাদেরকে প্রথমে পরীক্ষা করা হবে।

অবশেষে, গভর্নর আরও 109টি নতুন নভেল করোনাভাইরাসের ঘটনার কথা নিশ্চিত করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেট জুড়ে নিশ্চিত ঘটনার সর্বমোট সংখ্যা দাঁড়াল 325টি। মোট 325 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

অবৈধ কাউন্টি: 1 (1টি নতুন)
ব্রোম কাউন্টি: 1 (1টি নতুন)
ডিলাউর কাউন্টি: 1 (1টি নতুন)
ডাচেস কাউন্টি: 1 (1টি নতুন)
হারকিমার কাউন্টি: 1 (1টি নতুন)
মনরো কাউন্টি: 1 (1টি নতুন)
নাসাউ কাউন্টি: 41 (13টি নতুন)
নিউ ইয়র্ক সিটি: 95 (43টি নতুন)
অরেঞ্জ কাউন্টি: 1 (1টি নতুন)
রকল্যান্ড কাউন্টি: 7 (1টি নতুন)
সারাটোগা কাউন্টি: 3 (1টি নতুন)
সাফোক কাউন্টি: 20 (14টি নতুন)
উলস্টার কাউন্টি: 4 (3টি নতুন)
ওয়েস্টচেস্টার কাউন্টি: 148 (27টি নতুন)

"এই করোভাইরাসের বিস্তার নিজে নিজে থামবে না এবং আমরা জানি যে গণ সমাবেশ দ্রুততার সাথে বিশাল সংখ্যক মানুষকে সংক্রমিত করার গুরুত্বপূর্ণ কেন্দ্রস্থল," **গভর্নর কুওমো বলেন।** "এটি নিয়ন্ত্রণে সহায়তা করার উদ্দেশ্যে, আমরা বড় অনুষ্ঠানের উপরে সীমাবদ্ধতা আরোপ করার পাশাপাশি - নার্সিংহোমের লোকজনসহ - আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সুরক্ষার জন্য নতুন ব্যবস্থা

গ্রহণ করছি এবং ভবিষ্যতের সক্ষমতা সংশ্লিষ্ট যেকোনো সমস্যা মোকাবেলায় সক্ষম হতে আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে প্রস্তুত করছি। প্রেক্ষাপটই গুরুত্বপূর্ণ এবং উদ্বিগ্নতা এই পরিস্থিতির প্রকৃত ঘটনাকে ছাপিয়ে গেলেও, আমরা জনস্বাস্থ্যের সুরক্ষার্থে আক্রমণাত্মক পদক্ষেপ গ্রহণ করবো এবং ভবিষ্যতে এই ভাইরাসের যেকোনো প্রসারের বিষয়ে প্রস্তুত থাকবো।"

"আমাদের প্রথম অগ্রাধিকার হচ্ছে জনস্বাস্থ্য রক্ষা করা এবং গভর্নর ও নিউ ইয়র্ক স্টেট এই পর্যন্ত যতগুলো পদক্ষেপ নিয়েছে তা সেই লক্ষ্যে এগিয়ে চলেছে," **স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন,** "জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা স্পষ্ট করেছেন যে বড় সড় জনসমাবেশ যেখানে কাছকাছি সংস্পর্শে আসার সম্ভাবনা রয়েছে সেগুলোকে সীমাবদ্ধ করা এই ভাইরাসের বিস্তারকে ধীর করার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপায়। এই বিধান মানুষকে সুস্থ ও নিরাপদ রাখতে সাহায্য করবে।"

গভর্নর এও ঘোষণা করেছেন যে, কর্মীসঙ্কট দেখা দিলে সংরক্ষিত স্বাস্থ্য পরিষেবা পেশাদার তৈরির পদক্ষেপ নিচ্ছে এবং স্টেটের স্থাপনাগুলোকে যাতে অস্থায়ী হাসপাতাল হিসেবে ব্যবহার করা যায়, স্টেট তা শনাক্ত করার ব্যবস্থা নিচ্ছে। স্টেট প্রাক্তন চিকিৎসক, নার্স এবং অন্যান্য স্বাস্থ্যসেবা পেশাদারদেরকে তাদের প্রাক্তন নিয়োগকারীদের সাথে পুনরায় সংযোগ করতে এবং কর্মী সঙ্কটের সময় কলের ভিত্তিতে কাজ করার অনুরোধ করছে। স্টেট সংরক্ষিত কর্মীর জন্য জাতীয় গার্ড মেডিকদের শনাক্ত করছে এবং সম্ভাব্য রিজার্ভ স্বাস্থ্যসেবা পেশাদারদের শনাক্ত করার উদ্দেশ্যে মেডিকেল স্কুলগুলোর সাথে যোগাযোগ করছে। অধিকন্তু, স্বাস্থ্য দপ্তর আরও বেশি স্বাস্থ্যসেবা কর্মী প্রশিক্ষিত করার উদ্দেশ্যে নিয়মাবলী ত্বরান্বিত করছে যাতে তারা অন্যান্য ক্ষেত্রেও কাজ করতে পারে।

কমিউনিটিগুলোর মধ্যে সর্বাধিক হারে আক্রান্ত হওয়া সকল স্কুলের জন্য, অধিক হারে সংস্পর্শকে সীমাবদ্ধ করে এমন প্রোটোকল প্রয়োগ করতে স্টেট সক্রিয় পদক্ষেপ গ্রহণ করবে। আজ একটি আক্রান্তের ঘটনা নিশ্চিত হওয়ায় এই সেমিস্টারের বাকি সময়টুকুর জন্য শারীরিকভাবে উপস্থিত থাকলে হয় এমন ক্লাস আলবানির স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY Albany) বাতিল করবে বলে আজ গভর্নর ঘোষণা দিয়েছেন।

উপরন্তু, যে ব্যবসা প্রতিষ্ঠানগুলো কঠোরভাবে পরিষ্কার পরিচ্ছন্নতার মান পূরণ করতে সক্ষম নয় তাদেরকে (212) 803-3100 নম্বরে একটি বন্ধ করার আদেশের জন্য এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট (Empire State Development)-এর সাথে যোগাযোগ করতে হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন